গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অন্তর্ভুক্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অবহিতকরণ সভা'র কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ নজরুল ইসলাম**<br>সচি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |
| তারিখ | : | ০৬.০৩.২০২২ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| উপস্থিতি | : | Hybrid পদ্ধতিতে (সশরীরে ও অনলাইন); **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির প্রারম্ভিক বক্তব্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক সম্মানিত সেবা প্রার্থীগণকে সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় সেবা প্রদান করাকে বড় সুযোগ হিসেবে বিবেচনা করে মর্মে উল্লেখ করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের চলমান বিভিন্ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা একান্ত কাম্য। এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের বিষয়ে যে কোন মতামত, পরামর্শ ও অভিযোগ থাকলে তা এ বিভাগে জানানোর জন্যও অনুরোধ করা হয়। অতঃপর এ বিভাগের সিনিয়র সহকারী সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কার্যক্রম সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যুগসচিব (প্রশাসন) সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক একটি পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)-তে ত্রৈমাসিক ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন করতঃ ওয়েবসাইটে আপলোড করা হয়।

৩. অতঃপর উন্মুক্ত আলোচনা পর্বে সভাপতি কর্তৃক উপস্থিত সকল অংশীজনকে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আলোকে পরামর্শ, অভিযোগ, অনুযোগ ও ব্যক্তিগত অভিজ্ঞতা সভায় উপস্থাপন করার জন্য আহ্বান জানানো হয়:

৩.১ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা ও সার্বিক তত্ত্বাবধানে সড়ক ও জনপথ অধিদপ্তর ও আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ অধিকতর গতিশীলভাবে কার্যক্রমভাবে পরিচালিত হচ্ছে। সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সচেষ্ট থাকেন।

৩.২ চেয়ারম্যান, বিআরটিএ বলেন, সেবা প্রদানের ক্ষেত্রে বিআরটিএ'র কার্যক্ষেত্রের বিস্তৃত পরিসীমার পাশাপাশি নানা রকমের সীমাবদ্ধতা থাকলেও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সহযোগিতা অব্যাহত থাকায় সেবা প্রত্যাশীদের কাঙ্খিত সেবা প্রদান করা সহজ হচ্ছে। এ বিভাগ হতে প্রত্যাশার চেয়ে বেশি সহযোগিতা পাওয়ায় তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

৩.৩ চেয়ারম্যান, বিআরটিসি বলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অব্যাহত সহযোগিতায় বিআরটিসি'র সেবা প্রদান কাঙ্খিত মানে পৌঁছানোর জন্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ বর্তমানে সচেষ্ট আছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অব্যাহত সহযোগিতার জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৩.৪ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল বলেন, ডিএমটিসিএল এর বর্তমানে ব্যাপক পরিসরে বা সরাসরি সেবা গ্রহীতার পর্যায়ে সেবা প্রদানের সুযোগ না থাকলেও ভবিষ্যতে সেবা প্রদান প্রক্রিয়া-কে সুন্দর ও স্বাচ্ছন্দ্যময় করতে নীতি-নির্ধারণী কাজে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সামগ্রিক সহযোগিতা অব্যাহত রয়েছে। তিনি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ থেকে প্রাপ্ত অব্যাহত সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারিকে ধন্যবাদ জানান।

৩.৫ অতিরিক্ত উপ-কমিশনার (ট্রাফিক), ডিএমপি জানান, ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থাপনায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সর্বোচ্চ সহায়তা প্রদান করে যাচ্ছে। তিনি জানান যে, হাইড্রোলিক হর্ণ এর ব্যবহার ও গাড়ীতে অতিরিক্ত বাম্পার ব্যবহার বন্ধে এ বিভাগ হতে আরও কঠোর বিধি-বিধান তৈরি করা আবশ্যক।

৪. সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহণ করা হয়:

ক. এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন অব্যাহত রাখতে হবে;

খ. সেবা প্রার্থীদের এ বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র সাথে অনলাইন/অফলাইন যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে;

গ. নাগরিক সেবাসমূহ যথাসময়ে ও যথাযথভাবে প্রদান করা হচ্ছে কি না পরিবীক্ষণ কমিটি কর্তৃক তা মনিটরিং করতে হবে।

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
**১৩.০৩.২০২২**
**মো: নজরুল ইসলাম**
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০১.২০-৯১ তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

বিতরণ 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
৪. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৫. পুলিশ কমিশনার, ডিএমপি, ডিএমপি হেডকোয়ার্টার্স, মিন্টু রোড, রমনা, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
৮. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা
৯. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
১০. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, হাইওয়ে পুলিশ, হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
১২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান-২, ঢাকা
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ নগর ভবন, ঢাকা
১৫. পরিচালক, এ্যাক্সিডেন্ট রিসার্স ইন্সটিটিউট (এআরআই), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৬. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৭. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
২১. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২২. শেখ ওয়ালিদ ফয়েজ, তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৩. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর/ডিএমটিসিএল/বিআরটিএ/ডিটিসিএ/বিআরটিসি/ঢাকা বিআরটি
২৪. প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর), বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০
২৫. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৬. অফিস কপি

বিতরণ 'খ' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যাপক ডঃ মোঃ সামছুল হক, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
২. উপ-মহাব্যবস্থাপক (সংবাদ), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩. উপ-মহাব্যবস্থাপক (সংবাদ), বাংলাদেশ বেতার, শের-ই-বাংলানগর, ঢাকা
৪. প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (এমআরটি লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
৫. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৬. সভাপতি, জাতীয় প্রেসক্লাব, তোপখানা রোড, ঢাকা
৭. সাধারণ সম্পাদক, জাতীয় প্রেসক্লাব, তোপখানা রোড ঢাকা
৮. সভাপতি, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সভাপতি, ঢাকা রিপোর্টার্স ইউনিটি, সেগুন বাগিচা রোড, ঢাকা
১১. সাধারণ সম্পাদক, ঢাকা রিপোর্টার্স ইউনিটি, সেগুন বাগিচা রোড, ঢাকা
১২. জনাব ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই, ৭০, কাকরাইল, ঢাকা-১০০০
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, সড়ক ভবন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৬. নির্বাহী পরিচালক, ওয়ার্ক ফর বেটার বাংলাদেশ, ১৪/৩/এ জাফরাবাদ, রায়ের বাজার, ঢাকা
১৭. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অফ কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা
১৮. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
১৯. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২০. সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২১. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২২. মহাসচিব, বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি, গুলিস্তান শপিং কমপ্লেক্স, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা
২৩. ----------------------------------------------------------------------------------------------------

১৬.০৬.২০২২

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২-২২৩৩৫৫৫২৮
ই- মেইল :dsaudit@rthd.gov.bd